

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল
মাগুরা।


“নিয়োগ বিজ্ঞপ্তি”

নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল, মাগুরা-এ নিম্ন বর্ণিত শূন্য পদসমূহ সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণের নিমিত্ত প্রত্যেকটি পদের বিপরীতে উল্লেখিত যোগ্যতাসম্পন্ন আগ্রহী বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হইতে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েবসাইটে (www.forms.gov.bd) প্রদত্ত সরকারি চাকুরির আবেদন ফরমে স্ব-হস্তে পূরণকৃত দরখাস্ত আস্থান করা যাইতেছে।

ক্রমিক নং	পদের নাম ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী)	পদের সংখ্যা	মূলতম শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১।	ট্টোনোয়াফার ১১০০০-২৬৫৯০/-	০১টি	১। স্বীকৃতি প্রাপ্ত শিক্ষা বোর্ড হইতে এইচ.এস.সি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং ২। বাংলা ও ইংরেজিতে প্রতি মিনিটে কমপক্ষে যথাক্রমে ৩০ ও ৩৫ শব্দ টাইপ করার গতি এবং শর্টহ্যাণ্ডে বাংলা ও ইংরেজিতে প্রতি মিনিটে কমপক্ষে যথাক্রমে ৮০ ও ১০০ শব্দের গতি থাকিতে হইবে।
২।	ড্রাইভার ৯৩০০-২২৪৯০/-	০১টি	স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান থেকে ৮ম শ্রেণী পাস। ২। মোটরগাড়ী চালানোর বৈধ লাইসেন্সধারী হইতে হইবে। অভিজ্ঞ প্রাথমিক অগ্রাধিকার পাইবেন।
৩।	অফিস সহায়ক ৮,২৫০-২০,০১০/-	০১টি	১। স্বীকৃতি প্রাপ্ত শিক্ষা বোর্ড হইতে এস.এস.সি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।

“শর্তাবলী”

- প্রার্থীকে অবশ্যই জনসূত্রে বাংলাদেশের নাগরিক হইতে হইবে।
- আবেদনপত্রে প্রার্থীর (ক) নিজের নাম বাংলায় ও ইংরেজী (বেড অফরে) (খ) পিতা/স্বামীর নাম (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকানা (চ) জন্ম তারিখ ও বয়স (ছ) অভিজ্ঞতা (যদি থাকে) (জ) নিজ জেলা (ঝ) ধর্ম (ঞ) শিক্ষাগত যোগ্যতা (ট) কোটার নাম (যদি থাকে) উল্লেখ পূর্বক বিচারক (জেলা ও দায়রা জজ), নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল, মাগুরা বরাবর আবেদন করিতে হইবে।
- দরখাস্তটি আগামী ০৭/০৭/২০২২ খ্রিঃ তারিখ বিকাল ০৫.০০ ঘটিকার মধ্যে সভাপতি, নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি এবং অতিরিক্ত জেলা জজ, মাগুরা বরাবর ডাকযোগে বা সরাসরি পৌছাইতে হইবে। উক্ত তারিখে ও সময়ের পরে পৌছানো কোন আবেদনপত্র গ্রহণ করা হইবে না।
- ০৭/০৭/২০২২ খ্রিঃ তারিখে প্রার্থীর বয়স ১৮-৩০ বৎসর হইতে হইবে। তবে প্রার্থী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান/পোষাদের ক্ষেত্রে বয়স ৩২ (বত্রিশ) বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নহে। কোভিড-১৯ পরিস্থিতির কারণে প্রার্থীর সর্বোচ্চ বয়সসীমা ২৫.০০.২০২০ খ্রি. তারিখ নির্ধারণ সংক্রান্ত জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিধি-১ শাখা এর ১৯.০৮.২০২১ খ্রি. তারিখের স্মারক নং-০৫.০০.০০০০.১৭০.১১.০১৭.২০-১৪৩ অনুসরণ করা হইবে।
- মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান এবং সন্তানের সন্তানদের ক্ষেত্রে প্রার্থীর পিতা-মাতা/পিতামহ/মাতামহ এর অনুকূলে প্রার্থীর আবেদনপত্রের সাথে মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী/উপদেষ্টা কর্তৃক স্বাক্ষরিত এবং বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদের উপদেষ্টা/মাননীয় প্রধানমন্ত্রী/প্রধান উপদেষ্টা কর্তৃক প্রতিস্বাক্ষরিত মূল সনদপত্রের সত্যায়িত অনুলিপি সংযুক্ত করিয়া দিতে হইবে। এইরূপ সনদপত্র বাতীত অন্যকোন সনদপত্র মুক্তিযোদ্ধা সনদপত্র হিসাবে গ্রহণযোগ্য হইবে না।
- চাকুরীর প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত দাখিল করিতে হইবে। তবে বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা নিয়োগ বিধি মোতাবেক শিথিলযোগ্য।
- দরখাস্তের সহিত (ক) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদাতোলা পাসপোর্ট সাইজের ৩ (তিন) কপি রসিদ ছবি, (খ) সকল শিক্ষাগত যোগ্যতাসহ অন্যান্য যোগ্যতার এবং অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত ফটোকপি, (গ) স্থানীয় ইউপি চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের মেয়র/কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিক ও চারিত্রিক সনদপত্র, (ঘ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি (যদি থাকে), (ঙ) কোটার সমর্থনে প্রয়োজনীয় সনদপত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করিতে হইবে। সত্যায়িত ফটোকপিসমূহে সত্যায়নকারী কর্মকর্তার নামসহ সীল থাকিতে হইবে।
- প্রার্থী যে ঠিকানায় চিঠিপত্র পাইতে আগ্রহী সেই ঠিকানা সম্বলিত ১২ (বার) টাকার ডাক টিকিটযুক্ত (৯.৫ x ৪.৫ ইঞ্চি) ১টি ফেরত খাম আবেদনপত্রের সহিত প্রেরণ করিতে হইবে।
- খামের উপর প্রার্থীর পদের নাম, জেলার নাম, কোটা (যদি থাকে) ও মোবাইল নম্বর উল্লেখ করিতে হইবে।
- নিয়োগের ক্ষেত্রে সরকার কর্তৃক জারীকৃত বিধি বিধান অনুযায়ী সকল প্রকার কোটা অনুসরণ করা হইবে।
- প্রার্থীকে বাছাই কমিটি কর্তৃক নির্ধারিত লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করিতে হইবে। লিখিত পরীক্ষার প্রবেশপত্র ডাকযোগে প্রেরণ করা হইবে। কেবলমাত্র লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক/বাবহারিক পরীক্ষায় ডাকা হইবে। মৌখিক/বাবহারিক পরীক্ষার তারিখ পরবর্তীতে জানানো হইবে।
- লিখিত পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীকে প্রবেশপত্র ও কদম সঙ্গে আনিতে হইবে। কোন প্রকার ফোন, ক্যালকুলেটর বা কোন ইলেকট্রনিক্স ডিভাইস সঙ্গে রাখা যাইবে না।
- মৌখিক পরীক্ষার সময় প্রার্থীকে অবশ্যই শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্রের মূলকপি সঙ্গে আনিতে হইবে।
- পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টি.এ/ডি.এ দেওয়া হইবে না।
- অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ আবেদন সরাসরি বাতিল বলিয়া গণ্য হইবে।
- কোন কারণ দর্শানো ব্যতিরেকে এই বিজ্ঞপ্তি সংশোধন ও আংশিক বা সম্পূর্ণ বাতিল করিবার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। নিয়োগ বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।


(ফারজানা ইয়াসমিন)
সভাপতি

নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি
ও
অতিরিক্ত জেলা জজ, মাগুরা।